# নিউ ইয়র্ক সিটি মানব সম্পদ প্রশাসন (NEW YORK CITY HUMAN RESOURCES ADMINISTRATION)

## গণ শুনানি এবং Fair Fares NYC সম্পর্কিত নিউইয়র্ক সিটির নিয়মবিধির শিরোনাম 68-এর অধ্যায় 12-এর প্রস্তাবিত সংশোধনীর বিষয়ে মন্তব্য করার সুযোগ বিষয়ক বিজ্ঞপ্তি

**আমরা কী প্রস্তাব রাখছি?** নিউ ইয়র্ক সিটি মানব সম্পদ প্রশাসন (HUMAN RESOURCES ADMINISTRATION, HRA) ফেডারেল দারিদ্র্য স্তরের আয়ের যোগ্যতার মান 100 শতাংশ থেকে 120 শতাংশে বৃদ্ধি করে Fair Fares কর্মসূচি সংশোধন করার প্রস্তাব করছে।

গণ শুনানি শুক্রবার, 6 অক্টোবর, 2023, সকাল 10:00 টায় Zoom মাধ্যমে দূরবর্তীভাবে অনুষ্ঠিত হবে। যারা শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক তারা নিম্নোক্ত উপায়ে যোগ দিতে পারেন:

**জুম (ভিডিও এবং অডিও):** https://www.zoomgov.com/j/1618835130

অথবা www.zoom.us এ যান, "একটি মিটিংয়ে যোগ দিন" এ ক্লিক করুন এবং মিটিং আইডি লিখুন: 1618835130

**ফোন (শুধুমাত্র অডিও): 1-646-828-7666**

অনুরোধ করা হলে, মিটিং ID লিখুন: 1618835130

ওয়ান ট্যাপ মোবাইল: +16468287666,,1618835130#

**আমি কীভাবে প্রস্তাবিত নিয়মবিধির উপর মন্তব্য করতে পারি?** নিম্নোক্ত মাধ্যমে প্রস্তাবিত নিয়মবিধিতে যে কেউ মন্তব্য করতে পারবেন:

- **ওয়েবসাইট-এর দ্বারা।** NYC নিয়মবিধির ওয়েবসাইট http://rules.cityofnewyork.us এর মাধ্যমে আপনি HRA এর নিকট মন্তব্য জমা করতে পারেন।
- **ইমেইল।** আপনি NYCRules@hra.nyc.gov এ মন্তব্য করে ইমেল করতে পারেন। অনুগ্রহ করে সাবজেক্ট লাইনে " Fair Fares সংশোধন" অন্তর্ভুক্ত করবেন।
- **ডাকযোগে।** আপনি নিচের ঠিকানায় মন্তব্য পাঠাতে পারেন:

  HRA Rules
  c/o Office of Legal Affairs
  150 Greenwich Street, 38th Floor
  New York, NY 10007

  অনুগ্রহ করে স্পষ্ট করুন যে আপনি Fair Fares সংশোধনের বিষয়ে মন্তব্য করছেন।

- **ফ্যাক্স।** আপনি 917-639-0413 নম্বরে মন্তব্য ফ্যাক্স করতে পারেন। অনুগ্রহ করে সাবজেক্ট লাইনে " Fair Fares সংশোধন" অন্তর্ভুক্ত করবেন।

- **শুনানিতে বক্তব্য রাখার দ্বারা।** শুনানি শুরু হওয়ার আগে 6 অক্টোবর, 2023 তারিখে বা তার আগে 929-221-7220 নম্বরে কল করে বা NYCRules@hra.nyc.gov ইমেল করে শুনানিতে বক্তব্য রাখার জন্য আপনি সাইন আপ করতে পারেন। বক্তারা যে ক্রমে সাইন আপ করবেন সেই অনুযায়ী তাদের ডাকা হবে এবং তারা তিন মিনিট পর্যন্ত কথা বলতে পারবেন।

**মন্তব্য জমা দেওয়ার কি কোনও সময়সীমা আছে?** মন্তব্য জমা দেওয়ার সময়সীমা 6 অক্টোবর, 2023 মধ্যরাত পর্যন্ত। ডাকযোগে পাঠানো মন্তব্য 6 অক্টোবর, 2023 এর আগে HRA দ্বারা অবশ্যই গ্রহণ করতে হবে।

**শুনানিতে অংশগ্রহণ করার জন্য আমার সহায়তার প্রয়োজন হলে কী হবে?** শুনানিতে আপনার দোভাষীর পরিষেবা অথবা প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থা প্রয়োজন হলে তা আমাদের অবশ্যই জানাতে হবে। আপনি NYCRules@HRA.nyc.gov এ ইমেইল করে আমাদের জানাতে পারেন। এছাড়াও আপনি আমাদেরকে 929-221-7220 নম্বরে ফোন করে জানাতে পারেন। ব্যবস্থা করার জন্য পর্যাপ্ত সময় পেতে আগে থেকে জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে। অনুগ্রহ করে শুক্রবার 29 সেপ্টেম্বর, 2023 সকাল 9:00 এর মধ্যে আমাদের জানান।

**প্রস্তাবিত নিয়মবিধির ওপর করা মন্তব্যগুলো কী আমি পর্যালোচনা পারি?** আপনি অনলাইনে http://rules.cityofnewyork.us/ ওয়েবসাইটে গিয়ে প্রস্তাবিত নিয়মবিধির উপর জানানো মন্তব্যগুলি পর্যালোচনা করতে পারেন। শুনানি হয়ে যাওয়ার কিছুক্ষণ পরে, প্রস্তাবিত নিয়মবিধির বিষয়ে অনলাইনে জমা দেওয়া সমস্ত মন্তব্যের অনুলিপি, লিখে জানানো সমস্ত মন্তব্যের অনুলিপি এবং মৌখিক মন্তব্যের সারসংক্ষেপ HRA এর ওয়েবসাইটে সমস্ত জনগণের জন্য উপলভ্য করা হবে।

**HRA-কে এই নিয়মবিধি তৈরি করার অনুমোদন কে দিয়েছে?** সিটি চার্টারের ধারা 603 এবং 1043। এই প্রস্তাবিত নিয়মটি এই আর্থিক বৎসরের জন্য HRA এর নিয়ন্ত্রক এজেন্ডায় অন্তর্ভুক্ত করা হয়নি কারণ এটি প্রকাশনার সময় প্রত্যাশিত ছিল না।

**আমি HRA নিয়মবিধি কোথায় পাব?** HRA এর নিয়মবিধি নিউ ইয়র্ক সিটির নিয়মবিধির শিরোনাম 68-এ রয়েছে।

**কোন আইন নিয়মবিধি-প্রণয়ন প্রক্রিয়াকে নিয়ন্ত্রণ করে?** নিয়মবিধি তৈরি বা পরিবর্তন করার সময়ে HRA-কে অবশ্যই সিটি চার্টারের 1043 ধারায় উল্লিখিত আবশ্যিক শর্ত মেনে চলতে হবে। সিটি চার্টারের ধারা 1043(b) এর প্রয়োজনীয়তা অনুসারে এই বিজ্ঞপ্তিটি তৈরি করা হয়েছে।

## নিয়মবিধির ভিত্তি ও উদ্দেশ্য সম্পর্কে বিবৃতি

Fair Fares NYC কর্মসূচি নিউ ইয়র্ক সিটির কম উপার্জন করা আবাসিকদের সরকারি পরিবহনে 50% ছাড় দিয়ে তাদের যাতায়াতের খরচ সামলাতে সাহায্য করে। নিউ ইয়র্ক সিটির যোগ্য বাসিন্দারা সাবওয়ে এবং যোগ্য বাস ভাড়ায় 50% ছাড় পাবেন। Pay-per-Ride, সাপ্তাহিক ও মাসিক আনলিমিটেড বিকল্পসমূহ উপলভ্য। Fair Fares MTA Access-A-Ride প্যারাট্রান্সিট ট্রিপে 50% ছাড়ও দিতে পারে।

বর্তমানে Fair Fares নিয়মবিধি শর্ত দেয় যে আবেদনকারীর মোট আয় ফেডারেল দারিদ্র্য স্তরের (Federal Poverty Level, FPL) 100 শতাংশের বেশি হওয়া উচিত নয়৷ এই প্রস্তাবিত নিয়মবিধির ফলে আয়ের মাত্রা FPL-এর 120 শতাংশ পর্যন্ত বাড়বে। Fair Fair Fares কর্মসূচির ছাড়ের সম্প্রসারণ নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীদের দৈনন্দিন চাহিদা যেমন চাকরি, শিক্ষা, স্বাস্থ্যসেবা, খাদ্য, প্রকৃতি এবং চিত্তবিনোদন এবং ন্যায়সঙ্গত উন্নয়নকে উৎসাহিত করতে অ্যাক্সেস উন্নত করে এবং NYC মহামারী পরবর্তী পুনরুদ্ধারে সহায়তা করবে। উপরন্তু, উন্নত অ্যাক্সেস আয়ের বৈষম্য দূর করে এবং সর্বনিম্ন আয় করা নিউ ইয়র্কবাসীদের জন্য অনুকূল জীবন দেয়।

এই নিয়মবিধির জন্য বিভাগের কর্তৃত্ব সিটি চার্টারের ধারা 603 এবং নিউ ইয়র্ক সমাজসেবা আইনের 34 ধারায় উপলব্ধ।

নতুন উপাদান আন্ডারলাইন করা আছে। মুছে দেওয়া পাঠ্য [বন্ধনীর মধ্যে আছে]।

**বিভাগ 1. নিউ ইয়র্ক শহরের নিয়মবিধির 68 নং শিরোনামের 12-03 ধারার উপবিভাগ (a) নিম্নরূপে সংশোধন করা হয়েছে:**

(a) Fair Fares ছাড় পাওয়ার যোগ্য হতে, একজন আবেদনকারীকে অবশ্যই:

(1) কর্মসূচির তৈরি করা ফরম্যাট এবং পদ্ধতিতে সহায়ক নথিপত্র সমেত একটি সম্পূর্ণ করা আবেদনপত্র জমা দিতে হবে;

(2) DSS/HRA এর স্মারকলিপি অনুযায়ী Fair Fares NYC ব্যবহারের শর্তাবলী স্বাক্ষর করে নিউ ইয়র্ক সিটি পরিবহন কর্তৃপক্ষের (New York City Transit Authority) কাছে জমা দিতে হবে; এবং

(3) নিচে দেওয়া যোগ্যতার শর্তগুলো পূরণ করতে হবে:

(A) আবেদনকারীকে অবশ্যই নিউ ইয়র্ক শহরের একজন আবাসিক হতে হবে;

(B) আবেদনকারীর বয়স 18 থেকে 64 বছরের মধ্যে হতে হবে;

(C) আবেদনকারীর মোট আয় FPL এর [100] 120 শতাংশের বেশি হওয়া উচিত নয়;

(D) 68 RCNY § 12-02(a) এ উল্লেখিত ব্যতিক্রম ব্যতীত, DSS/HRA, NYCT বা অন্য কোনো সত্তা বা প্রোগ্রাম থেকে অনুরূপ ছাড় বা সুবিধার জন্য বর্তমানে আবেদনকারী অবশ্যই যোগ্য হবে না;

(E) 68 RCNY § 12-05(b) এর অধীনে আবেদনকারী বর্তমানে স্থগিতকৃত বা স্থায়ীভাবে অযোগ্য ঘোষিত হবে না;

**§ 2. নিউ ইয়র্ক শহরের নিয়মবিধির 68 নং শিরোনামের 12-08 ধারার উপবিভাগ (a) নিম্নরূপে সংশোধন করা হবে:**

(a) কোনো ধরনের পরিবহনের জন্য ছাড় সহজতর করতে যতদিন কর্মসূচিটি কোনো কার্ড ব্যবহার করে, ততদিন এই কর্মসূচি NYCT এর সঙ্গে সমঝোতায় DSS/HRA এর সমঝোতা স্মারক অনুসারে ব্যবহারের শর্তাবলী অনুযায়ী একজন ব্যক্তিকে [একটি ক্যালেন্ডার] <u>একটি নথিভুক্তি বছরে</u> ক'টি কার্ড প্রতিস্থাপন করবে সেই সংখ্যা সীমিত করার অধিকার সংরক্ষণ করে।